Lens Asia

১৮ জানুয়ারী, ২০২৬

# আইনের বাইরে গিয়ে বড় দলকে সুবিধা দিচ্ছে ইসি: এনসিপি




সংগৃহীত ছবি

নির্বাচন কমিশনের বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ তুলেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলের মুখপাত্র ও নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, ইসি একতরফা সিদ্ধান্তের মাধ্যমে বড় দলগুলোকে সুবিধা দিচ্ছে, যা নির্বাচনকে আগের মতো প্রশ্নবিদ্ধ পথে ঠেলে দিচ্ছে।

শনিবার সন্ধ্যায় রাজধানীর বাংলামোটরে দলের কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি বলেন, সংবিধান অনুযায়ী দ্বৈত নাগরিকরা সংসদ নির্বাচনে অযোগ্য হলেও বাস্তবে তাদের বৈধতা দেওয়ার চেষ্টা চলছে।

তার অভিযোগ, শত শত লোক নিয়ে প্রার্থীরা ইসিতে গিয়ে চাপ সৃষ্টি করছে, আর কমিশন নানা ব্যাখ্যা ও ফাঁকফোকর দেখিয়ে বিষয়টি মেনে নিচ্ছে। এটি গণতন্ত্র ও নির্বাচন ব্যবস্থার জন্য গুরুতর হুমকি।

আসিফ মাহমুদ স্পষ্ট করে বলেন, এনসিপি কোনোভাবেই দ্বৈত নাগরিক বা ঋণখেলাপিদের নির্বাচনে ছাড় দেবে না। প্রয়োজনে আইনি ও রাজপথের আন্দোলনের মাধ্যমে তাদের প্রতিরোধ করা হবে।

LENS ASIA